মুজিবনগরের বাগোয়ান ইউনিয়ন পরিষদের ২০২৬-২৭ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা

মুজিবনগরে ২০২৬-২৭ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করেছে বাগোয়ান ইউনিয়ন পরিষদ। মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে বাগোয়ান ইউনিয়ন পরিষদ হলরুমে এ উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়।

এ সময় বাগোয়ান ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান সোহরাব হোসেন উপস্থিত সকলের সামনে উন্মুক্ত বাজেট ঘোষণা পাঠ করেন।

এ সময় ইউনিয়ন পরিষদের সচিব রওনক জাহান, আনন্দবাস মিয়া মনসুর এম এম একাডেমির শিক্ষক বায়োজিদ হোসেন, আনন্দবাস সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফারুক হোসেনসহ ইউনিয়ন পরিষদের সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত বাজেটে ২০২৬-২৭ অর্থবছরে মোট ১ কোটি ৬৮ লাখ ৪ হাজার ২৩২ টাকার একটি খসড়া প্রকাশ করেন।